আমরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট তাঁর কথা শোনা ও আনুগত্য করার উপর বায়‘আত করতাম তখন তিনি আমাদের বলতেন, “যতটুকু তোমরা পার।”

ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা যখন রাসূলুল্লাহ
সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের শোনা ও আনুগত্য করার ওপর বাই‘আত করতাম, তখন তিনি বলতেন, “যতটুকু তোমরা পার”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহু জানাচ্ছেন যে, যখন তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাতে বাই‘আত করতেন, তখন তিনি তাদের শুনতে ও মানতে নির্দেশ দিতেন। মানাকে তিনি সক্ষমতার সাথে শর্তারোপ করতেন। যখন কোনো মুসলিমকে কোনো শাসক তার সক্ষমতার বাহিরে কোনো কাজ করার নির্দেশ দেয়, তখন তার আনুগত্য করা জরুরি নয়। কারণ, আল্লাহ তা‘আলা কাউকে তার সাধ্যের বাইরের কোনো দায়িত্ব দেন না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6369